অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/17/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল পরিষ্কার পানি, পরিচ্ছন্ন বায়ু এবং সবুজ কর্মসংস্থান পরিবেশ সংক্রান্ত বন্ড আইনকে অগ্রসর করার জন্য স্টেটব্যাপী শ্রবণ সফর শুরু করলেন

স্টেটব্যাপী সশরীরে এবং ভার্চ্যুয়ালি শ্রবণ সেশনের সিরিজ

পুরো স্টেটজুড়ে সম্প্রদায়সমূহের উন্নতি ও সুরক্ষার জন্য প্রজন্মে একবার আসে এমন অর্থায়নের সুযোগ

লাভের মধ্যে রয়েছে পরিবেশ সংক্রান্ত ন্যায়বিচার অগ্রসর করা, জলবায়ু পরিবর্তন প্রশমন, কর্মসংস্থান সৃষ্টি, এবং জনস্বাস্থ্য রক্ষা করা

গভর্নর ক্যাথি হোকল আজকে 4.2 বিলিয়ন মার্কিন ডলারের পরিষ্কার পানি, পরিচ্ছন্ন বায়ু এবং সবুজ কর্মসংস্থান পরিবেশ সংক্রান্ত বন্ড আইন 2022 (Clean Water, Clean Air and Green Jobs Environmental Bond Act 2022) এর জন্য একটি স্টেটব্যাপী শিক্ষামূলক শ্রবণ সফর ঘোষণা করার মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটের বিশ্ব সপ্তাহ উদযাপন শুরু করলেন। গত ফল মৌসুমে ভোটারদের অপ্রতিরোধ্য সংখ্যাগরিষ্ঠতার মাধ্যমে অনুমোদিত হওয়া বন্ড আইনটি পরিবেশ সংক্রান্ত ন্যায়বিচার, জলবায়ু পরিবর্তন প্রশমন, উপকূলরেখার পুনঃস্থাপন, বন্যার সহনশীলতা, পানির মান, খোলা স্থানের ভূমি সংরক্ষণ, বিনোদনমূলক সংস্থান, এবং সবুজ কর্মসংস্থানে বিনিয়োগকে অগ্রাধিকার প্রদান করে। সফরটি জনগণ এবং তহবিলের জন্য সম্ভাব্য আবেদনকারীদেরকে বন্ড আইনের ব্যাপারে আরো জানার এবং সম্প্রদায়কে সম্ভাব্য প্রকল্প সনাক্ত করার জন্য একটি খসড়া নির্ণয়ন বিকাশ করার ব্যাপারে মতামত দানের একটি সুযোগ দিবে।

"আগামী কয়েক মাস ধরে, বন্ড আইনের শ্রবণ সফর নিউ ইয়র্ক জুড়ে যাত্রা করবে এবং আমাদের পরিবেশের জন্য এই ঐতিহাসিক ও উল্লেখযোগ্য বিনিয়োগের ব্যাপারে মুখ্য স্টেট কর্মকর্তাদের সাথে যুক্ত হবে," **গভর্নর হোকল বলেন।** "জনগণ, মিউনিসিপ্যালিটি, এবং অন্যান্য সম্ভাব্য আবেদনকারীর জন্য কীভাবে এই তহবিল ব্যবহার করে নিউ ইয়র্ক স্টেটকে আমাদের জলবায়ু লক্ষ্য অর্জনে সাহায্য করা যাবে এবং একইসাথে অর্থনীতির প্রবৃদ্ধি করা যাবে তা জানার জন্য শ্রবণ সফরটি একটি সুযোগ প্রদান করে। যেহেতু আজকে বিশ্ব সপ্তাহ শুরু হচ্ছে, তাই আমরা ঐতিহাসিক বন্ড আইনটি বাস্তবায়ন করতে উন্মুখ যা আমাদের সম্প্রদায়সমূহ, আমাদের অবকাঠামো, এবং আমাদের গ্রহের জন্য একটি সবুজতর ভবিষ্যৎ তৈরি করবে।"

ল্যান্ডমার্ক পরিষ্কার পানি, পরিচ্ছন্ন বায়ু এবং সবুজ কর্মসংস্থান পরিবেশ সংক্রান্ত বন্ড আইনটি স্টেটের ইতিহাসের সর্ববৃহৎ এবং 1996 সালের পর থেকে নিউ ইয়র্কের প্রথম পরিবেশ সংক্রান্ত বন্ড। বন্ড আইনটি এমন পরিবেশ সংক্রান্ত এবং সম্প্রদায়ের প্রকল্পসমূহের জন্য 4.2 বিলিয়ন মার্কিন ডলার উপলভ্য করবে যা কর্মসংস্থানকেও সমর্থন করবে এবং 1,000 এর স্বল্প সংস্থানের সরকারি স্কুলের জন্য পরিষ্কার সবুজ স্কুল (Clean Green Schools) উদ্যোগে উল্লেখযোগ্য বিনিয়োগ করবে। নেতিবাচক পরিবেশ সংক্রান্ত ও জলবায়ু পরিবর্তনের প্রভাব দ্বারা দুঃস্থ জনগোষ্ঠী অসামঞ্জস্যপূর্ণভাবে প্রভাবিত হয় তা উপলব্ধি করে, বন্ড আইনের কমপক্ষে 35 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহকে প্রদান করা হবে। বিশেষ করে, পরিবেশ সংক্রান্ত বন্ড আইনটি অনুমোদিত করে:

- জলবায়ু পরিবর্তন প্রশমনের জন্য 1.5 বিলিয়ন মার্কিন ডলার
- পুনঃস্থাপন ও বন্যার ঝুঁকি হ্রাসের জন্য 1.1 বিলিয়ন মার্কিন ডলার
- পানির মান উন্নয়ন ও স্থিতিস্থাপকতা অবকাঠামোর জন্য 650 মিলিয়ন মার্কিন ডলার
- খোলা স্থানের ভূমি সংরক্ষণ ও বিনোদনের জন্য 650 মিলিয়ন মার্কিন ডলার; এবং
- আইনে নির্দিষ্ট ভাবে বরাদ্দ করা হয়নি এমন অন্যান্য প্রকল্পের জন্য 300 মিলিয়ন মার্কিন ডলার।

শিক্ষামূলক শ্রবণ সফরটি হলো বন্ড আইনের তহবিল কীভাবে প্রদান করা হবে তার একটি সহযোগিতামূলক ও স্বচ্ছ প্রক্রিয়ার প্রতি স্টেটের প্রতিশ্রুতির একটি অংশ। সেশনগুলিতে থাকবে বন্ড আইনের উপর একটি প্রেজেন্টেশন এবং স্টেটের অভিজ্ঞদের সাথে এক-এক আলোচনার একটি সুযোগ। বৈঠকগুলি জনসাধারণের জন্য উন্মুক্ত হবে।

North Campus, 125 Service Center Road, Buffalo (University at Buffalo) সেন্টার ফর টুমোরো (Center for Tomorrow), নর্থ ক্যাম্পাসে 30 মে দুপুর 1টায় প্রথম সশরীরের সেশনটি অনুষ্ঠিত হবে। নিবন্ধনের জন্য, https://www.ny.gov/bondact ভিজিট করুন। সেন্ট্রাল নিউ ইয়র্ক, অ্যাডিরন্ড্যাক, আপার এবং লোয়ার হাডসন ভ্যালি, ব্রঙ্কস, ব্রুকলিন, এবং লং আইল্যান্ডের জন্য আরো বৈঠক শীঘ্রই ঘোষণা করা হবে। এছাড়াও দুইটি ভার্চুয়াল সেশন আয়োজিত হবে।

স্টেটের এজেন্সি, স্থানীয় সরকার এবং অংশীদারগণ একটি বহু-বছরের প্রক্রিয়ার দ্বারা পরিবেশ সংক্রান্ত বন্ড আইনের তহবিল লাভ করতে পারবে। বর্তমানে একটি আন্তঃএজেন্সি কর্মগোষ্ঠী স্টেটজুড়ে পরিবেশ সংক্রান্ত অর্থায়নের চাহিদা সনাক্ত করছে এবং বন্ড আইন বাস্তবায়নের জন্য কর্মসূচির লজিস্টিক তৈরি করছে। বন্ড আইন কী ধরনের প্রকল্পকে সমর্থন করতে পারবে তা জানার জন্য এবং অর্থায়ন অগ্রসর করার জন্য যোগ্যতার নির্ণায়ক সম্পর্কে আলোচনা শুরু করার জন্য শিক্ষামূলক শ্রবণ সফরটি এইসব স্টেকহোল্ডারদের এবং অন্যান্য আগ্রহী নিউ ইয়র্কবাসীদেরকে জড়িত করবে।

স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation, DEC) কমিশনার এবং জলবায়ু পদক্ষেপ পরিষদের (Climate Action Council) সহপ্রধান ব্যাসিল সেগোস বলেন, "গভর্নর হোকলের নেতৃত্বাধীন কাজ করার জন্য এবং একটি প্রজন্মের

মধ্যে সর্বাধিক গুরুত্বপূর্ণ পরিবেশ সংক্রান্ত বিনিয়োগের বাস্তবায়ন শুরু করতে পেরে DEC আনন্দিত। বন্ড আইন শ্রবণ সফরটি হলো স্থানীয় অর্থনীতির জন্য লাভবান হবে এমন উল্লেখযোগ্য পরিবেশ সংক্রান্ত প্রকল্পের ব্যাপারে পুরো স্টেটের সম্প্রদায়সমূহের সাথে DEC এবং আমাদের স্টেটের অংশীদারদের সংযুক্ত হওয়ার জন্য একটি সুযোগ। আমাদের পরিবেশের ভবিষ্যৎ, জলবায়ু পরিবর্তনের সাথে লড়াই, এবং স্টেটের অবকাঠামোকে স্থিতিস্থাপক করা নিশ্চিত করার জন্য আমাদের সম্প্রদায়ের মতামত গ্রহণে স্টেটের প্রতিশ্রুতিকে আজকের ঘোষণাটি তুলে ধরে।"

নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority, NYSERDA) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা এবং জলবায়ু পদক্ষেপ পরিষদের সহপ্রধান ডোরিন এম. হ্যারিস বলেন, "বন্ড আইনটি নিঃসন্দেহে নিউ ইয়র্কের জলবায়ু পদক্ষেপ কাজকে অগ্রসরকারী দুর্দান্ত গতিবেগের একটি অংশ, এবং গভর্নর হোকলের নেতৃত্বাধীন NYSERDA বন্ড আইনের তহবিল ব্যবহার করে স্কুল বাস ফ্লিটকে তাদের বাসসমূহকে বৈদ্যুতিক করতে দিবে এবং একই সাথে স্বল্প সংস্থানের সরকারি স্কুলকে সমর্থন করবে যাতে করে তারা শক্তি অবকাঠামোর উন্নয়নকাজ করতে পারে। আসন্ন শ্রবণ সফরগুলি অতি গুরুত্বপূর্ণ কারণ এর দ্বারা পুরো স্টেটের সম্প্রদায়সমূহের চাহিদা সম্পর্কে জানা যাবে এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য লাভজনক হবে এমন কৌশলী সিদ্ধান্ত গ্রহণকে তা অবগত করতে পারবে।"

স্টেটের পার্ক (State Parks) কমিশনার এরিক কুলেসিড বলেন, "পরিবেশ সংক্রান্ত বন্ড আইনের মাধ্যমে পরিষ্কার পরিবেশ পাওয়ার জন্য, পরিবেশ সংক্রান্ত ন্যায়বিচার অগ্রসর করার জন্য, জলবায়ু পরিবর্তন সমাধান করার জন্য, এবং স্বাস্থ্যকর আউটডোর বিনোদনের সুযোগ সম্প্রসারিত করার জন্য গভর্নর হোকলের নেতৃত্বাধীনে নিউ ইয়র্ক স্টেটের কাছে দুর্দান্ত একটি সুযোগ রয়েছে। স্টেটের প্রতিটি অঞ্চলের বুদ্ধি ও অন্তর্দৃষ্টি সম্পর্কে শোনা হলো এই উদ্যোগের সফল বাস্তবায়নের জন্য অপরিহার্য। আমাদের সরকার ও সম্প্রদায়ের অংশীদারদের সাতে এইসব আলোচনা করার জন্য আমি উন্মুখ।"

এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশনের (Environmental Facilities Corporation, EFC) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা মরিন এ. কোলম্যান বলেন, "যেসকল সম্প্রদায়ের প্রয়োজন সর্বাধিক, বন্ড আইনের তহবিল যাতে তাদেরকে প্রদান করা হয় তা নিশ্চিত করতে DEC ও আমাদের অন্যান্য স্টেট অংশীদারদের সাথে কাজ করার জন্য EFC প্রতিশ্রুতিবদ্ধ। গভর্নর হোকলের শ্রবণ সফরটি স্টেটের সেই প্রতিশ্রুতিকে তুলে ধরে।"

নিউ ইয়র্ক স্টেটের কৃষি কমিশনার রিচার্ড এ. বল বলেন, "নিউ ইয়র্ক স্টেট আমাদের খামারসমূহসহ পরিবেশ সংক্রান্ত প্রয়াসসমূহে সর্বদা নেতৃত্ব দিয়েছে এবং নিউ ইয়র্কবাসীরা তাদের পরিবেশ সম্পর্কে কতটা সচেতন সেটি গত বছর বন্ড আইনের প্রতি অপ্রতিরোধ্য সংখ্যাগরিষ্ঠ সমর্থন আরেকবার প্রমাণ করেছে। অতি গুরুত্বপূর্ণ এই বিধিমালা কীভাবে আমাদের ওয়াটারওয়ে পরিষ্কার করা, আমাদের ইকোসিস্টেম রক্ষা করা, এবং আমাদের স্টেটের জন্য একটি স্বাস্থ্যকর ভবিষ্যতে বিনিয়োগ করতে সাহায্য করতে পারবে সেই ব্যাপারে নিজেদের মতামত দানের জন্য শ্রবণ সফরটি আমাদের সম্প্রদায়সমূহকে একটি সুযোগ প্রদান করবে।

কীভাবে আমরা আমাদের প্রাকৃতিক সংস্থান রক্ষার জন্য সেরা অনুশীলন বাস্তবায়িত করতে পারি এবং একইসাথে আমাদের খামারিদের সমর্থন করতে পারি সে ব্যাপারে আমাদের কৃষি অংশীদারদের মতামত শোনার জন্য আমি উন্মুখ।"

নিউ ইয়র্ক স্টেট হোম ও কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal, HCR) কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন, "নিউ ইয়র্ক কীভাবে আমাদের ভবিষ্যতে বিনিয়োগ করছে তার একটি মুখ্য উদাহরণ হলো বন্ড আইন। পরিবর্তনশীল জলবায়ুর সাথে মানিয়ে নিতে সাহায্য করবে এবং দীর্ঘমেয়াদি সময়ে টেকসই হওয়াকে বলীয়ান করবে এমন প্রকল্পসমূহকে অগ্রসর করার জন্য শ্রবণ সফরটি HCR এর স্থিতিস্থাপক বাড়ি ও সম্প্রদায়ের অফিস (Office of Resilient Homes and Communities) এবং আমাদের অংশীদারদেরকে স্থানীয় এলাকার সাথে যুক্ত করবে। আমরা আগামী প্রজন্মসমূহের জন্য স্থিতিস্থাপকতা তৈরি করতে স্টেটব্যাপী সম্প্রদায়সমূহের সাথে যুক্ত হতে উন্মুখ।"

নেচার কঞ্জারভেন্সির (Nature Conservancy) নিউ ইয়র্ক নীতিমালা ও কৌশল পরিচালক জেসিকা ওটনি মাহার বলেন, "নিউ ইয়র্কের 4.2 বিলিয়ন মার্কিন ডলারের পরিষ্কার পানি, পরিচ্ছন্ন বায়ু এবং সবুজ কর্মসংস্থান বন্ড আইনটি সম্প্রদায়সমূহকে পরিষ্কার পানির সুরক্ষা, দূষণ হ্রাস, বন্যপ্রাণীর আবাস সংরক্ষণ, এবং ভালো কর্মসংস্থান তৈরির একটি অসাধারণ সুযোগ প্রদান করে। স্টেকহোল্ডারদের উপলভ্য তহবিলের ব্যাপারে জানার, সম্প্রদায়ের চাহিদার উপর দৃষ্টিভঙ্গি জানানোর, এবং কমর্সূচির নকশার ব্যাপারে মতামত প্রদান করার একটি সুযোগ প্রদান করবে এমন একটি শ্রবণ সফর দিয়ে বন্ড আইনটির বাস্তবায়নের কাজ শুরু করার জন্য নেচার কঞ্জারভেন্সি গভর্নর হোকলের প্রশংসা করছে। দারুণ এই প্রক্রিয়াটির মাধ্যমে আমাদের স্টেটজুড়ে সম্প্রদায়সমূহ বন্ড আইনের প্রতিশ্রুতি অনুধাবন করার এবং বর্তমান ও ভবিষ্যৎ প্রজন্মের নিউ ইয়র্কবাসীর জীবনযাত্রার মান উন্নত করবে এমন প্রকল্প প্রদানের একটি অবস্থানে যেতে পারবে।"

সেনিক হাডসনের জন্য সরকারি সম্পর্ক এবং সরকারি নীতিমালার (Government Relations and Public Policy for Scenic Hudson) পরিচালক অ্যান্ডি বিকিং বলেন, "গত নভেম্বর মাসে, নিউ ইয়র্কের ভোটারগণ বিপুল ভোটে পরিষ্কার পানি, পরিচ্ছন্ন বায়ু ও সবুজ কর্মসংস্থান পরিবেশ সংক্রান্ত বন্ড আইনকে অনুমোদিত করে। গভর্নর হোকল যে স্থানীয় সম্প্রদায়সমূহের প্রয়োজন সম্পর্কে এবং কীভাবে বন্ড আইনটি সাহায্য করতে পারে তা তাদের কাছেই জানতে চাচ্ছেন সে ব্যাপারে আমরা অতি আনন্দিত। স্থানীয় সরকারসমূহ ও সম্প্রদায়ের গোষ্ঠীদের জন্য এটি এমন প্রকল্প সনাক্ত ও বিকাশ করার নিখুঁত সুযোগ যা আমাদের স্বাস্থ্য ও সুস্থতাকে উন্নত করবে, কর্মসংস্থান সৃষ্টি করবে, এবং ভবিষ্যৎ প্রজন্মকে সুরক্ষিত করবে। হাডসন ভ্যালির মতো অর্থনৈতিক ও সাংস্কৃতিকভাবে বৈচিত্র্যময় একটি অঞ্চলের জন্য, এই কাজটি অত্যাবশ্যকীয়।"

নিউ ইয়র্ক রক্ষণশীল ভোটার লীগের (New York League of Conservation Voters) প্রেসিডেন্ট জুলি টিঘে বলেন, "নিউ ইয়র্ক রক্ষণশীল ভোটার লীগ পরিবেশ সংক্রান্ত বন্ড আইন বাস্তবায়নের ব্যাপারে অভিজ্ঞ ও স্থানীয় সম্প্রদায়সমূহের মতামত গ্রহণের জন্য গভর্নর হোকলের স্টেটব্যাপী শ্রবণ সফরের প্রশংসা করছে। নিউ ইয়র্কের ভোটারগণ যখন 4.2 বিলিয়ন

মার্কিন ডলারের ব্যবস্থাটিকে অপ্রতিরোধ্য সংখ্যাগরিষ্ঠতা দ্বারা অনুমোদিত করে, তখন এটি জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াই, পরিষ্কার খাবার পানি পাওয়ার সুযোগ নিশ্চিত করা, এবং পরিবেশ সংক্রান্ত ন্যায়বিচারের প্রতি সমর্থনের একটি জোরালো ঘোষণা হয়ে উঠে, এবং আমরা আত্মবিশ্বাসী যে স্টেকহোল্ডারদের জড়িত করার জন্য গভর্নরের প্রতিশ্রুতি নিশ্চিত করবে যাতে তহবিল কার্যকরভাবে বিতরণ করা হয় এবং অগ্রাধিকার পাওয়া প্রকল্পসমূহের প্রভাব সর্বাধিক হয়।"

বন্ড আইন সম্পর্কে আরো তথ্য https://www.ny.gov/bondact এ উপলভ্য আছে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418